দৈনিক বাংলা

তারিখ 17/2/79
পৃষ্ঠা 1 কলাম 3

002

### ভোটারদের প্রতি প্রধান নির্বাচন কমিশনার

# অবাধ ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করতে সহায়তা করুন

(স্টাফ রিপোর্টার)

প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি জনাব এ কে এম নুরুল ইসলাম নিজেদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন হয়ে দুর্নীতিমুক্ত, অবাধ ও নিরপেক্ষ নির্বাচনকে সুনিশ্চিত করতে এগিয়ে আসার জন্য দেশের প্রতিটি নাগরিক বিশেষ করে ভোটারদের প্রতি আবেদন জানিয়েছেন। তিনি বলেছেন—প্রত্যেকের পরিপূর্ণ সহযোগিতার ওপর নির্বাচনের সাফল্য বিশেষভাবে নির্ভরশীল।

গতরাতে বেতার ও টিভিতে জাতির উদ্দেশে প্রদত্ত ভাষণে প্রধান নির্বাচন কমিশনার প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক দল, রাজনৈতিক দলের প্রার্থী ও স্বতন্ত্র প্রার্থীদের প্রতি নির্বাচন কমিশনকে সহযোগিতা করতে আহ্বান জানান। তিনি বলেন, আমরা এমন এক গণতান্ত্রিক ঐতিহ্য গড়ে তুলতে চাই যা আমাদের ভবিষ্যৎ উত্তরাধিকারীদের অনুপ্রাণিত করবে। বর্তমানকে উজ্জ্বল করে আগামী দিনের এক নতুন অধ্যায় রচিত করবে।

নির্বাচন কমিশন আজকের নির্বাচনকে অবাধ ও নিরপেক্ষ করে তুলতে দৃঢ় সংকল্পবদ্ধ বলে পুনরায় ঘোষণা করে তিনি বলেন—অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান ছাড়া নির্বাচন অর্থহীন।

নীচে প্রধান নির্বাচন কমিশনারের ভাষণের পূর্ণ বিবরণ দেয়া হলো।

প্রিয় দেশবাসী,

আসসালামু-আলায়কুম।

জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে আমি প্রথমেই আপনাদের শুভেচ্ছা জানিয়ে আগামীকাল দেশ ও জাতি যে গুরুদায়িত্ব পালন করতে যাচ্ছে সে সম্পর্কে আপনাদের কাছে কিছু বক্তব্য পেশ করতে চাই। গত ৩০শে নবেম্বর, ১৯৭৮ তারিখে জাতীয় সংসদের ৩০০টি আসনের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচক মণ্ডলীকে আহ্বান জানানো হয়। তার পরদিন অর্থাৎ ১লা ডিসেম্বর আপনাদের সামনে আমি এই নির্বাচনের গুরুত্ব ও তাৎপর্য সম্পর্কে আমার বক্তব্য পেশ করেছিলাম ও একই সঙ্গে নির্বাচনী কর্মসূচী জানিয়েছিলাম।

২। নির্বাচন গণতান্ত্রিক প্রক্রিয়ার একটি উল্লেখযোগ্য অধ্যায়। একমাত্র অবাধ ও নিরপেক্ষ নির্বাচনই প্রকৃতপক্ষে এ প্রক্রিয়াকে অর্থবহ করে তুলতে পারে। নির্বাচন কমিশন আসন্ন সংসদ নির্বাচনকে অবাধ ও নিরপেক্ষ করে তুলতে দৃঢ়সংকল্প, একথা আমি একাধিকবার বলেছি। আজ নির্বাচনের প্রাক্কালে আমি আমাদের সেই সংকল্পের কথা পুনরায় দৃঢ়ভাবে ব্যক্ত করছি। অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান ছাড়া নির্বাচন অর্থহীন। আর এই উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনের জন্য আমি নির্বাচক মণ্ডলী, প্রতিদ্বন্দ্বী রাজনৈতিক দলসমূহ, তাদের মনোনীত প্রার্থীগণ এবং স্বতন্ত্র প্রার্থী ও তাদের সম-

(৩-এর পৃঃ দ্রঃ)